তারিখ ... 19 AUG 2016 ...
পৃষ্ঠা ... 6 ... কলাম 6 ...

সংবাদ

# শিবপুরে বিদ্যালয়ে দুপুরের খাবার উদ্বোধন

প্রতিনিধি, শিবপুর (নরসিংদী)

নরসিংদী শিবপুর উপজেলার ৫৯নং আজকিতলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে গত বুধবার দুপুরে শিক্ষার্থীদের মিড ডে মিল কর্মসূচির উদ্বোধন করা হয়েছে। বিদ্যালয়ের প্রাক্তন ছাত্র দৈনিক সংবাদ এর শিবপুর প্রদিনিধি একেএম মাসুদ রানার উদ্যোগে বিদ্যালয়ের প্রধান শিক্ষক যুথিকা রানী রায় ও সকল শিক্ষক-শিক্ষিকাবৃন্দসহ পরিচালনা পরিষদের সদস্যদের ব্যবস্থাপনায় অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিদ্যালয়ের সভাপতি মোঃ কামরুজ্জামান কিরণ। এতে প্রধান অতিথি ছিলেন উপজেলা নির্বাহী অফিসার মোহাম্মদ আশরাফুল আফসার। বিশেষ অতিথি ছিলেন উপজেলা শিক্ষা অফিসার মাহফুজা খান ইউসুফজী, সংশ্লিষ্ট ক্লাস্টারের সহকারী শিক্ষা অফিসার কবির হোসাইন।